




উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব স্মৃতি প্রভা নন্দী
উপজেলা সমবায় অফিসার
স্থানঃ উপজেলা সমবায় কার্যালয়
বেগমগঞ্জ, নোয়াখালী।

সভার তারিখঃ ২৪-০৯-২০২৩ খ্রি.
সময়ঃ ১২.০০ ঘটিকা


উপস্থিত সদস্য গণের স্বাক্ষর

ক্রঃ নং	সদস্যগণের নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	জনাব স্মৃতি প্রভা নন্দী উপজেলা সমবায় অফিসার বেগমগঞ্জ, নোয়াখালী।	সভাপতি	
০২	সুদেব কুমার রায় সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বেগমগঞ্জ, নোয়াখালী।	সদস্য	
০৩	সুজন চন্দ্র মজুমদার সহকারী পরিদর্শক উপজেলা কার্যালয় বেগমগঞ্জ, নোয়াখালী	সদস্য সচিব	

অদ্যকার সভায় জনাব স্মৃতি প্রভা নন্দী, উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী ও সভাপতি নৈতিকতা কমিটি এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভায় নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন সংক্রান্ত।	সভায় সদস্য সচিব নৈতিকতা কমিটি উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ এর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	সভায় সদস্য সচিব নৈতিকতা কমিটি উপজেলা সমবায় কার্যালয়, বেগমগঞ্জ এর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর পর কোন পরিবর্তন না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ নোয়াখালী।
০২। শূদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিত করণ সংক্রান্ত।	০১। প্রয়োজনীয় প্রশিক্ষণের অভাবঃ বাজেট বরাদ্দ স্বল্পতার কারণে শূদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বাজেট বরাদ্দ প্রাপ্তি অপেক্ষে শূদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় অফিসার, বেগমগঞ্জ নোয়াখালী।
	০২। দায়িত্ব পালনে উদাসীনতাঃ - দায়িত্ব পালনে উদাসীনতার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নীতি নৈতিকতা বজায় রেখে যথা সময়ে প্রত্যেককে নিজ নিজ দায়িত্ব পালন করার জন্য সিদ্ধান্ত হয়।	সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ
	০৩। নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিত না হওয়াঃ- কর্মকর্তা-কর্মচারী বৃন্দ নির্ধারিত সময়ে বিস্তারিত আলোচনা করা হয়।	সরকারী কর্মচারী নিয়মিত উপস্থিতি বিধিমালা ২০১৯ সংক্রান্ত বাংলাদেশ গেজেট অনুসরণ পূর্বক সকল কর্মকর্তা -কর্মচারীগণ নির্ধারিত সময়ে অর্থাৎ সকাল - ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত কর্মস্থলে উপস্থিত থাকার বিষয় সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ
০৩। বিবিধ	সকল কর্মকর্তা- কর্মচারী অফিসে প্রস্থানের সময় কম্পিউটার, লাইট ও ফ্যানের সকল সুইচ নিজ দায়িত্বে বন্ধ করার বিষয় বিস্তারিত আলোচনা করা হয়।	সকল কর্মকর্তা -কর্মচারীগণ বিদ্যুৎ সাশ্রয়ের স্বার্থে অফিসে প্রস্থানের সময় কম্পিউটার, লাইট ও ফ্যানের সকল সুইচ নিজ দায়িত্বে বন্ধ করার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল কর্মকর্তা কর্মচারী বৃন্দ।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(স্মৃতি প্রভা নন্দী)
উপজেলা সমবায় কর্মকর্তা
বেগমগঞ্জ, নোয়াখালী।